সংবাদ

17 SEP 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮

# বঙ্গবন্ধুসহ জাতীয় নেতাদের নামে শিক্ষা প্রতিষ্ঠান করতে অনুমতি লাগবে

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সদস্যবৃন্দ, চার জাতীয় নেতা, মহান মুক্তিযুদ্ধের সাত বীরশ্রেষ্ঠ, অমর একুশের ভাষা শহীদ, জাতীয়ভাবে স্বীকৃত প্রয়াত ও জীবিত নেতাদের নামে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও মদ্রাসা) প্রতিষ্ঠা করতে হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করতে হবে। শিক্ষা মন্ত্রণালয় প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরীক্ষাপূর্বক সরকারপ্রধানের অনুমোদনের জন্য পেশ করবে। শুধু সরকারপ্রধানের অনুমতিক্রমেই এরূপ নামকরণ করা যাবে। এক্ষেত্রে ব্যক্তি নামে নামকরণের জন্য কোন অর্থের প্রয়োজন হবে না। তথ্য বিবরণী।